



রাজশাহী বিশ্ববিদ্যালয়

ঠাণ্ডাছড়ি-৪৫১১, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

□ একাদশ শ্রেণির উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি □

এতদ্বারা অত্র কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক বিগত ০২-০২-২০২৬ খ্রি. তারিখে প্রেরিত পত্র মোতাবেক যার স্মারক নং : এইচএসপি/মাঠ পর্যায় যোগাযোগ/০৪/২০২০/১৯ এর আলোকে উপবৃত্তি প্রাপ্তিযোগ্য সকল শিক্ষার্থীদের আগামী ২২-০২-২০২৬ ইংরেজি তারিখের মধ্যে কলেজ অফিসে যোগাযোগ পূর্বক উপবৃত্তি ফরম সংগ্রহ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায়, উপবৃত্তি তালিকা হতে উপবৃত্তি প্রাপ্তিযোগ্য কোন শিক্ষার্থীর নাম বাদ পড়লে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবেনা।

□ উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাবলী আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

১. জেনারেল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে অভিভাবকের নাম দিতে হবে। স্কুল ব্যাংকিং একাউন্ট এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।
২. পিতা ও মাতা কেউ জীবিত না থাকলে অন্যান্য অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করলে শিক্ষার্থীর নিজ নামীয় একাউন্ট হিসাবে অনলাইন স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।
৩. এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুললে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে অথবা পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুললে পিতা/মাতার নাম একাউন্টধারীর নাম হিসাবে লিখতে হবে।
৪. মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর এনআইডি দিয়ে সংশ্লিষ্ট সিম রেজিস্ট্রেশন এবং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে পিতা/মাতার নাম লিখতে হবে।
৫. একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত কোন শিক্ষার্থীর বিপরীতে পূর্বে HSP-MIS সফটওয়্যারে/উপবৃত্তির জন্য ব্যবহার করলে তা পুনরায় ব্যবহার করা যাবেনা।
৬. পূরণকৃত উপবৃত্তি ফরম কলেজ অফিসে জমা দেওয়ার সময় আবেদনকারী শিক্ষার্থীর ১৭ সংখ্যার অনলাইন জন্মসনদ, পিতা, মাতা ও অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, এসএসসি পরীক্ষার মূল মার্কশীটের ফটোকপি এবং ১ কপি ছবি (পাসপোর্ট সাইজ) জমা দেওয়া বাধ্যতামূলক।

উল্লেখ্য যে, উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করেনা। আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্য HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়।

(মুহাম্মদ রেজাউল করিম)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)